

এইচএসসির তৃতীয় দিনে অনুপস্থিত ৭ হাজার, ৩ পরিদর্শক বহিষ্কার

নিজস্ব
প্রতিবেদক

২২
আগস্ট,
২০২৩
১৭:১২

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

উচ্চমাধ্যমিক স্কুল সার্টিফিকেট-এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে সাধারণ

৮টি শিক্ষাবোর্ডের অধীনে ইংরেজি প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

পরীক্ষা কেন্দ্রে বিধি বহিভূত আচরণের কারণে ৩ পরিদর্শককে বহিষ্কার করা

হয়েছে। বহিষ্কৃত কেন্দ্র পরিদর্শকরা ময়মনসিংহ শিক্ষা বোর্ডের অধীনে

দায়িত্বরত ছিলেন। আজ মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের কন্ট্রোল রুম থেকে এ

তথ্য জানানো হয়েছে।

এই পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৮১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার

করা হয়েছে। ২০২৩ সালের এইচএসসিতে অনুষ্ঠিত পরীক্ষায় এদিন

সর্বোচ্চ সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে ঢাকা বোর্ডের

৩৭ জন, কুমিল্লা বোর্ডের ১৩ জন, বরিশাল ও ময়মনসিংহ বোর্ডগুলোতে ৮

জন করে ১৬ জন, যশোর বোর্ডে ৬ জন, দিনাজপুর বোর্ডে ৫ জন এবং

সিলেট বোর্ডের অধীনে ৪ জন পরীক্ষার্থী রয়েছে।

পরীক্ষায় অনুপস্থিতির দিক থেকে ইংরেজি প্রথম পত্র পরীক্ষার দিন সর্বোচ্চ

শিক্ষার্থী অনুপস্থিত ছিল।

অনুপস্থিতির হার শূন্য দশমিক ৭২ শতাংশ বা ৭ হাজার ৮৯ জন। ৮টি

শিক্ষা বোর্ডের অধীনে ৯ লাখ ৮৯ হাজার ৮০৩ পরীক্ষার্থীর মধ্যে পরীক্ষায়

অংশগ্রহণ করেছে ৯ লাখ ৮২ হাজার ৭১৪ জন। ঢাকা বোর্ডে অনুপস্থিত ১

হাজার ৯৫৮ জন, রাজশাহী বোর্ডে ১ হাজার ১৬৪ জন, দিনাজপুর বোর্ডে

১২৫ জন, যশোর বোর্ডে ৮২৯ জন, কুমিল্লা বোর্ডে ৬৭৭ জন, সিলেট

বোর্ডে ৫৪০ জন, ময়মনসিংহ বোর্ডে ৫০৯ জন এবং বরিশাল বোর্ডে

অনুপস্থিত পরীক্ষার্থী সংখ্যা ৪৮৭ জন।